চুক্তিনামা

# খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন) এর ধারা ২৩(খ) এর অধীনে সরকার কর্তৃক খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট আইনের প্রথম তফসীলে বর্ণিত সংশ্লিষ্ট কার্যাবলী বাস্তবায়নের নিমিত্তে জেলাস্থ বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর যাবতীয় কার্যাবলী হস্তান্তর সংক্রান্ত চুক্তিনামা।

যেহেতু খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯(১৯৮৯ সনের ২০ নং আইন) এর ২৩ ধারার দফা(খ) অনুযায়ী সরকার নিম্নলিখিত কার্যাবলী, কর্মকর্তা/কর্মচারী ও সম্পদ ইত্যাদি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট নিম্নলিখিত শর্তে হস্তান্তর করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন ;

এবং যেহেতু সরকার ও খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের মধ্যে এই বিষয়ে আলোচনা হইয়াছে এবং উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ উক্ত বিষয়গুলি নিম্নলিখিত শর্তে গ্রহণ করিতে সম্মত হইয়াছেন ;

সেহেতু সরকার উপরোক্ত আইনের ২৩(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের সম্মতিক্রমে নিম্নলিখিত বিষয়গুলি নিম্নলিখিত শর্তাধীনে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট হস্তান্তর করিলেন :

(ক) **কার্যাবলী :**

(১) ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপন এবং উহাতে উৎসাহ দান ;
(২) গ্রামাঞ্চলে শিল্প সমূহের জন্য কাঁচামাল সংগ্রহ এবং উৎপাদিত সামগ্রীর বাজারজাতকরণের ব্যবস্থা ;
(৩) গ্রামভিত্তিক শিল্পের জন্য শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান ;

(খ) **কর্মকর্তা, কর্মচারী ও সম্পদ ইত্যাদি :**

(১) খাগড়াছড়ি পার্বত্য জেলায় বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন(বিসিক) এর প্রকল্প সমূহের প্রকল্প প্রধান এবং তাঁহার কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী।
(২) জেলা শিল্প সহায়ক কেন্দ্র প্রধান ও তাহার কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী।
(৩) উপরোক্ত কার্যালয় সমূহের সম্পদ, ভবন, আসবাবপত্র ইত্যাদি।

(গ) **শর্তাদি :**

(১) **বেতন, ভাতাসহ সকল ব্যয় :**

সকল কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাসহ কার্যালয় সমূহের অন্যান্য ব্যয় এবং পরিষদের মাধ্যমে বাস্তবায়ন যোগ্য উন্নয়ন প্রকল্প সমূহের জন্য বাজেট বরাদ্দকৃত ব্যয়ের অর্থ চেয়ারম্যান, বিসিক খাগড়াছড়ি স্থানীয় সরকার পরিষদের নিকট ন্যস্ত করিবেন।

(২) **নিয়োগ, বদলী ও শৃংখলা :**

(১) স্থানীয় সরকার পরিষদ ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর পদে পরিষদের বিধি/প্রবিধান অনুযায়ী নিয়োগ, বদলী ,পদোন্নতি প্রদান এবং শৃংখলা মূলক ব্যবস্থা ইত্যাদি গ্রহণ করিতে পারিবেন। পরিষদের বিধি/প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত সকল কর্মকর্তা ও কর্মচারী প্রেষণে নিয়োজিত বলিয়া গণ্য হইবেন এবং প্রচলিত সরকারী বিধি/প্রবিধি/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হইবেন।

(২) স্থানীয় সরকার পরিষদ নিজ এলাকায় কর্মকর্তাদিগকে এবং প্রচলিত নিয়ম/নিয়োগ বিধি এর শর্ত অনুযায়ী কর্মচারীদিগকে আন্তঃ থানায় বদলী করিতে পারিবেন।

(৩) প্রেষণে নিয়োজিত কর্মকর্তাকে স্বাভাবিক ভাবে মেয়াদ পুর্তির পূর্বে অন্য জেলায় বদলী করা হইবে না এবং জনস্বার্থে বিশেষ কারণে বদলী করিবার ক্ষেত্রে স্থানীয় সরকার পরিষদকে অবহিত রাখা হইবে। নিয়োগকৃত কর্মকর্তা কাজে যোগদান না করা পর্যন্ত বদলীকৃত কর্মকর্তাকে অবমুক্ত করা যাইবে না।

(৪) পার্বত্য জেলা সমূহে 'ক' এ বর্ণিত কার্যাবলী বিষয়ক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য গৃহীত উন্নয়ন মূলক প্রকল্প সমূহের সদর কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ স্ব-স্ব পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদে প্রেষণে নিয়োজিত থাকিয়া তাহাদের সেবা স্থানীয় সরকার পরিষদ সমূহের মাননীয় চেয়ারম্যানগণের সহিত আলোচনাক্রমে অপরাপর স্থানীয় সরকার পরিষদের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সহায়তা প্রদান করিতে পারিবেন।

(৩) **ছুটি :**

(১) **নৈমিত্তিক ছুটি :**

স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান এবং তাঁহার অনুপস্থিতিতে তাঁহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি/কর্মকর্তা (যিনি, আবেদনকারী কর্মকর্তার নিম্ন পর্যায়ের কোন কর্মকর্তা হইবেন না) বিসিকের প্রকল্প প্রধান/জেলা শিল্প সহায়ক কেন্দ্র প্রধানের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবেন। অন্যান্যদের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত নিয়ম বহাল থাকিবে।

(২) **অর্জিত ছুটি ও অন্যান্য ছুটি :**

প্রচলিত নিয়ম বহাল থাকিবে। তবে সকল কর্মকর্তার এতদসংক্রান্ত আবেদন ও অন্যান্য কাগজপত্র স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে।

(৪) **বার্ষিক গোপনীয় প্রতিবেদন :**

(১) বিসিক এর প্রকল্প প্রধান/জেলা শিল্প সহায়ক কেন্দ্র প্রধান এর বার্ষিক গোপনীয় প্রতিবেদন স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান লিখিবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য পাঠানো হইবে।

(২) উন্নয়ন মূলক প্রকল্প ও জেলা শিল্প সহায়ক কেন্দ্রের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংশ্লিষ্ট প্রকল্প প্রধান/জেলা শিল্প সহায়ক কেন্দ্র প্রধান লিখিবেন এবং স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান প্রতিস্বাক্ষর করিবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য পাঠাইতে হইবে। অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রচলিত নিয়ম বহাল থাকিবে।

(৫) **উন্নয়ন সংক্রান্ত কর্মকাণ্ড :**

(১) স্থানীয় সরকার পরিষদ জেলার অভ্যন্তরে (ক) এ বর্ণিত 'কার্যাবলী' সংক্রান্ত উন্নয়ন বিষয়ক প্রকল্প বিসিকের স্থানীয় কর্মকর্তাগণের সহায়তায় বিধিমতে প্রণয়ন, গ্রহণ ও বাস্তবায়ন করিবেন ।

(২) জাতীয় পর্যায়ে (ক) এ বর্ণিত 'কার্যাবলী' সংক্রান্ত উন্নয়ন কার্যক্রম প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে বিসিক বাস্তবায়ন করিবে। তবে উক্ত কার্যক্রমের কোন অংশ প্রয়োজন বোধে স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে বাস্তবায়ন করা যাইবে।

২। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ যৌথভাবে চুক্তিতে বর্ণিত বিধান সমূহ প্রয়োজনবোধে পর্যালোচনা করিবেন এবং জনস্বার্থে ঐক্যমতের ভিত্তিতে এই চুক্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করিতে পারিবেন।

৩। (ক) চুক্তি বাস্তবায়নে এবং ইহার ব্যাখ্যার ব্যাপারে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন এবং স্থানীয় সরকার পরিষদের মধ্যে কোন বিরোধ দেখা দিলে বিষয়টির নিস্পত্তির জন্য সরকারের নিকট পেশ করা হইবে।

(খ) প্রায়োগিক জটিলতার কারণে যদি হস্তান্তরিত বিষয়/প্রতিষ্ঠানের পরিচালনায় অসুবিধার সৃষ্টি হয় বা সুষ্ঠ পরিচালনা বা বাস্তবায়ন অসম্ভব হইয়া পড়ে তাহা হইলে সরকার উক্ত অসুবিধা বা অবস্থা দূরীকরণার্থে আদেশ দ্বারা প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

এই উভয় ব্যাপারে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

এই চুক্তি ১৫-১২-১৯৯১ ইং ৩০-৮-১৩৯৮ বাং হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( এ, এইচ, এম, আবদুল হাই )
সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ।

আমি সমীরন দেওয়ান, চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের পক্ষে এই চুক্তিনামায় উল্লিখিত বিষয়গুলি উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করিলাম।

( সমীরন দেওয়ান )
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।